দৈনিক ইত্তেফাক
তারিখ 16 OCT 1995
পৃষ্ঠা ৪ কলাম ৬

বিসিএস (সাধারণ শিক্ষা)

# প্রভাষক পদে ১৩৪৮ জন প্রার্থী মনোনীত

সরকারী কর্মকমিশন গতকাল বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের বিভিন্ন বিষয়ে প্রভাষক পদে নিয়োগের জন্য সাময়িকভাবে ১৩৪৮ জন প্রার্থী মনোনয়ন করিয়াছেন।

পরবর্তীকালে যে কোন সময় কোন প্রার্থীর যোগ্যতার কোন প্রকার ভুল ত্রুটি পরিলক্ষিত হইলে তাহার মনোনয়ন সংশোধন সাপেক্ষে এবং মেডিকেল বোর্ড

( ২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

**প্রভাষক**

( ১ম পৃঃ পর )

কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় মনোনীত প্রার্থীদের উপযুক্ততা ও পুলিশ কর্তৃক চারিত্রিক পূর্ব পরিচয় যাচাই সাপেক্ষে এই মনোনয়ন করা হইয়াছে। কর্ম কমিশন সচিবালয়ের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, স্বাস্থ্য পরীক্ষার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক মেডিকেল বোর্ড গঠনের পর মনোনীত প্রার্থীদের নিকট যথাসময় ব্যক্তিগতভাবে পত্র প্রেরণ করা হইবে। মনোনীত প্রার্থীদের রেজিষ্ট্রেশন নম্বর বিষয়ভিত্তিক মেধা অনুসারে (উপর হইতে নীচের দিকে) ভিতরের পাতায় প্রদান করা হইল।